# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

মানিকগঞ্জ।

www.manikganjpourashava.com

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৩/১৫৮৩ তারিখ ঃ ১৮/১২/২০২৩ খ্রি.

## "গণযোগাযোগ সেল (MCC) কমিটির সভার কার্যবিবরণী"

| | | |
|---|---|---|
| ০১। | সভার সভাপতি | ঃ জনাব মোঃ বজলুর রহমান, পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা ও সভাপতি, গণযোগাযোগ সেল (MCC) কমিটি, মানিকগঞ্জ পৌরসভা। |
| ০২। | সভার নাম | ঃ গণযোগাযোগ সেল (MCC) কমিটির সভা। |
| ০৩। | সভার তারিখ | ঃ ৩/১২/২০২৩ইং। |
| ০৪। | সভার বার | ঃ রবিবার |
| ০৫। | সভার সময় | ঃ সকাল ১২.০০ ঘটিকা। |
| ০৬। | সভার স্থান | ঃ পৌর নির্বাহী কর্মকর্তার অফিস কক্ষ, মানিকগঞ্জ পৌরসভার । |

সভায় উপস্থিতি ঃ (পরিশিষ্ট-ক)

গনযোগাযোগ সেল (MCC) কমিটির সভাপতি জনাব মোঃ বজলুর রহমান, পৌর নির্বাহী কর্মকর্তা উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভার শুরুতে গনযোগাযোগ সেল (MCC) কমিটির সভার সহায়ক কর্মকর্তা জনাব মোহাম্মদ আমিরুল ইসলামকে কমিটির কার্যক্রম শুরু করার আহ্বান জানান।

### ০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও স্থিরিকরণ ঃ-

আলোচনা ঃ সভাপতির অনুমতিক্রমে সহায়ক কর্মকর্তা জনাব মোহাম্মদ আমিরুল ইসলাম, প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভা- গনযোগাযোগ সেল (MCC) কমিটির গত সভার কার্য বিবরণী পাঠ করে শুনান। বিগত ২৬/০৯/২০২৩ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী শ্রবনান্তে উক্ত সভার কার্যবিবরণীর উপর আলোচনা করেন।

সিদ্ধান্তঃ- বিস্তারিত আলোচনান্তে বিগত সভার কার্যবিবরণীর উপর কোন রুপ সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদন করার সুপারিশ গৃহীত হলো।

### (২) ১৪ ডিসেম্বর বুদ্ধিজীবি দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে আলোচনা ঃ

আলোচনা ঃ সভার সভাপতি উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, আগামী ১৪ ডিসেম্বর বুদ্ধিজীবি দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে জেলা প্রশাসক কার্যালয় কর্তৃক ১৪ ডিসেম্বর বুদ্ধিজীবি দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমুলক সভার কার্যবিবরণী প্রেরণ করেছেন। জেলা প্রশাসক কার্যালয়ের উক্ত দিবসের প্রস্তুতিমুলক সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। উল্লেখিত দিবস সমুহ পালন উপলক্ষ্যে জেলা প্রশাসকের প্রেরিত কার্যবিবরণীর নির্দেশনা প্রতিপালন করা যেতে পারে। যেমন ঃ ১৪ ডিসেম্বর ২০২৩ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে শহীদ স্মৃতিফলকে র‍্যালি যোগে পুষ্প স্তবক অর্পণ এবং ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে শহীদ স্মৃতিফলকে পুষ্প স্তবক অর্পণ সহ অফিস ভবন আলোক শয্যা সহ পৌর শহর পরিস্কার পরিচ্ছন্নতা কাজ বাস্তবায়ন সহ ফেস্টুন ও পতাকা সমন্বয়ে শহরের গুরুত্বপূর্ণ রাস্তা সজ্জিত করন এবং বিভিন্ন ধরণের খেলায় অংশগ্রহণ করার বিষয়ে উপস্থিত সকলে বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে জেলা প্রশাসক কার্যালয় কর্তৃক ১৪ ডিসেম্বর বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমুলক সভার কার্যবিবরণী মোতাবেক দিবস সমূহের কর্মসূচি সমূহ প্রতিপালনের সুপারিশ সর্ব সম্মতিক্রমে গৃহীত হলো।

### (৩) ২৫ ডিসেম্বর বড়দিন ও ৩১ ডিসেম্বর থার্টি ফাষ্ট নাইট এবং দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৪ উপলক্ষ্যেঃ

আলোচনা ঃ সভার সভাপতি ও পৌর নির্বাহী কর্মকর্তা উপস্থিত সকলকে সালাম ও ধন্যবাদ জানান। তিনি বলেন সামনে ২৫ ডিসেম্বর খ্রীষ্টান সম্প্রদায়ের বড়দিন এবং ৩১ ডিসেম্বর থার্টি ফাষ্ট নাইট সহ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৪ উপলক্ষ্যে পৌর এলাকায় যাহাতে কোন অপ্রীতিকর ঘটনা না ঘটে সে দিকে উপস্থিত সকলকে খেয়াল

১৮/১২/২৩

মোঃ বজলুর রহমান
পৌর নির্বাহী কর্মকর্তা
পৌরসভা, মানিকগঞ্জ।

রাখার আহবান জানান। দ্বাদশ জাতীয় নির্বাচন ২০২৪ উপলক্ষে দুর্নীতি ও নাশকতার বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সকলকে আহবান জানান।

সিদ্ধান্ত ঃ ২৫ ডিসেম্বর বড় দিন, ৩১ ডিসেম্বর থার্টি ফাষ্ট নাইট এবং দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৪ উপলক্ষে কোন ধরণে অপ্তিকর ঘটনা যাহাতে না ঘটে তার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

(৪) পৌরসভার বিভিন্ন কর্মকান্ড ও তথ্য পৌরসভার ওয়েব সাইটে প্রকাশ করনের আলোচনা ঃ

আলোচনা ঃ সভার সভাপতি সভাকে জানান যে, পৌরসভার বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড সহ বিভিন্ন ধরনের সেবা মূলক কার্যক্রম বাস্তবায়ন করে থাকে। কিন্তু জনগণ কে সে সমস্ত কার্যক্রম ও তথ্য সমূহ সঠিক ভাবে জানানো হয়না।তাই পৌরসভার বিভিন্ন শাখার কার্যক্রম জনগনের অবগতির জন্য ব্যপক প্রচার করার নিমিত্তে নোটিশ বোর্ডে প্রচার সহ ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে কার্যকরি ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। তিনি আরো বলেন ইতোমধ্যে বিভিন্ন ধরনের সেবা, বিভিন্ন ধরনের কার্যক্রম ও তথ্য সমূহ এবং বিভিন্ন সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে পৌরসভার বাস্তবায়িত উন্নয়ন কর্মকান্ড সহ বিভিন্ন তথ্য জনগণকে অবহিত করার জন্য মানিকগঞ্জ পৌরসভার চলমান কর্মকান্ত সমূহের যাবতীয় তথ্য মানিকগঞ্জ পৌরসভার ওয়েব সাইটে প্রচারের সুপারিশ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেণ।

(মোঃ বজলুর রহমান)
পৌর নির্বাহী কর্মকর্তা
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
ও
সভাপতি
গনযোগাযোগ সেল (MCC) কমিটি

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৩/১৫৮৩

তারিখ ঃ ১৮/১২/২০২৩ খ্রি.

মোঃ বজলুর রহমান
পৌর নির্বাহী কর্মকর্তা
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ

০১। মেয়র,মানিকগঞ্জ পৌরসভা।
০২। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা।
০৩। জনাব ........................................... সদস্য গনযোগাযোগ সেল (MCC) কমিটি, মানিকগঞ্জ পৌরসভা।

পৌর নির্বাহী কর্মকর্তা
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
ও
সভাপতি
গনযোগাযোগ সেল (MCC) কমিটি

মোঃ বজলুর রহমান
পৌর নির্বাহী কর্মকর্তা
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।